বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

ফার্মগেইট, তেজগাঁও, ঢাকা-১২১৫

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের নিম্নেবর্ণিত পদে অস্থায়ী ভিত্তিতে লোক নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে।

ক্রঃ নং	পদ ও বেতনের স্কেল	সরাসরি নিয়োগের বয়স	পদের সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	পরিচালক (টিটিএমইউ-১/ কৃষি তথ্য কেন্দ্র-১) টাঃ ১৬,৮০০-২০,৭০০/-	সর্ব নিম্ন ৪১ বৎসর	২(দুই) টি	পিএইচডি ডিগ্রীসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ১২ বৎসরের অভিজ্ঞতা অথবা মাষ্টার্স ডিগ্রী (কমপক্ষে ২য় বিভাগ) সহ ১৫ বৎসরের অভিজ্ঞতা। কোন বিজ্ঞান জার্নালে কমপক্ষে ১০টি গবেষণা প্রকাশনা থাকিতে হইবে।
২.	পরিচালক (কম্পিউটার কেন্দ্র) টাঃ ১৬,৮০০-২০,৭০০/-	সর্ব নিম্ন ৪১ বৎসর	১(এক) টি	অংক/পরিসংখ্যান/ অর্থনীতি/পদার্থ বিদ্যায় দ্বিতীয় শ্রেণীর মাষ্টার্স ডিগ্রী অথবা কম্পিউটার বিজ্ঞানে স্নাতক ডিগ্রী। সিস্টেম এনালাইসিসে ৭ বৎসরের অভিজ্ঞতাসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে মোট ১৫ বছরের বাস্তব অভিজ্ঞতা, গবেষণা প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজ তত্বাবধানের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হইবে।
৩.	মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (শস্য) টাঃ ১৬,৮০০-২০,৭০০/-	সর্ব নিম্ন ৪১ বৎসর	১(এক) টি	পিএইচডি ডিগ্রীসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ১২ বৎসরের অভিজ্ঞতা অথবা মাষ্টার্স ডিগ্রী (কমপক্ষে ২য় বিভাগ) সহ ১৫ বৎসরের অভিজ্ঞতা। কোন বিজ্ঞান জার্নালে কমপক্ষে ১০টি গবেষণা প্রকাশনা থাকিতে হইবে।
৪.	প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (শস্য-২/মৃত্তিকা-১/ এইআরএস-১/ পশুসম্পদ-১/ মৎস্য-১/ টিটিএমইউ-১/কৃষি প্রকৌশল-১) টাঃ ১৫,০০০-১৯,৮০০/-	সর্ব নিম্ন ৩৯ বৎসর	৮(আট) টি	কৃষি বিজ্ঞানের সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রী। শিক্ষা জীবনের কোন পরীক্ষায় ৩য় শ্রেণী বা বিভাগ থাকা চলিবে না। সংশ্লিষ্ট ক্ষেত্রে ৭(সাত) বৎসরের গবেষণা / বা শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে। স্বীকৃত জার্নালে ৬টি গবেষণা প্রকাশনা থাকিতে হইবে। **অথবা** কৃষি বিজ্ঞানের সংশ্লিষ্ট শাখায় গ্রাজুয়েশন/প্রথম শ্রেণীর মাষ্টার্স ডিগ্রী কিংবা বিজ্ঞানে ২য় শ্রেণীর অনার্স ডিগ্রীসহ ২য় শ্রেণীর মাষ্টার্স ডিগ্রী। গবেষণায় বা শিক্ষকতায় ১৫ (পনর) বৎসরের বাস্তব অভিজ্ঞতা এবং স্বীকৃত জার্নালে ৬টি পুর্ণমানের গবেষণা প্রকাশনা থাকিতে হইবে; বিদেশী কোন বিশ্ববিদ্যালয় হইতে এম,এস/এম,এস,সি ডিগ্রীধারী প্রার্থীদের ক্ষেত্রে অভিজ্ঞতা শিথিলযোগ্য।
৫.	উপ-পরিচালক (বাজেট) টাঃ ১৩,৭৫০-১৯,২৫০/-	সর্বনিম্ন ৩৫ বৎসর	১(এক) টি	চার্টার্ড একাউন্টেন্ট অথবা সমতুল্য শিক্ষাগত যোগ্যতাসহ বিদেশী সাহায্য, অনুদান ইত্যাদি ক্ষেত্রে জড়িত প্রতিষ্ঠান সমুহে অর্থ, হিসাব বা অডিট ব্যবস্থাপনা কাজে ৮ (আট) বৎসরের অভিজ্ঞতা অথবা বাণিজ্যে ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর মাষ্টার্স ডিগ্রী এবং ঐ ধরণের প্রতিষ্ঠানে ১০(দশ) বৎসরের অভিজ্ঞতা।
৬.	উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা (পুষ্টি-১/টিটিএমইউ-১) টাঃ ১১,০০০-১৭,৬৫০/-	সর্বনিম্ন ৩৫ বৎসর	২(দুই) টি	কৃষি বিজ্ঞানের সংশ্লিষ্ট শাখায় পিএইচডি ডিগ্রী। শিক্ষা জীবনের কোন পরীক্ষায় ৩য় বিভাগ / শ্রেণী থাকিলে চলিবে না। গবেষণা বা শিক্ষকতায় ২ বৎসরের বাস্তব অভিজ্ঞতা। কোন স্বীকৃত জার্নালে ৩টি গবেষণা প্রকাশনা থাকিতে হইবে। **অথবা** কৃষি বিজ্ঞানের যে কোন শাখায় স্নাতক ডিগ্রী অথবা প্রথম

ক্রঃ নং	পদ ও বেতনের স্কেল	সরাসরি নিয়োগের বয়স	পদের সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
				শ্রেণীর মাস্টার্স ডিগ্রী কিংবা ২য় শ্রেণীর অনার্সসহ ২য় শ্রেণীর মাস্টার্স ডিগ্রী। গবেষণা/শিক্ষকতায় ৫ বৎসরের বাস্তব অভিজ্ঞতা এবং স্বীকৃত জার্নালে ৩টি গবেষণা প্রকাশনা থাকিতে হইবে। বিদেশী কোন বিশ্ববিদ্যালয় হইতে এম,এস বা এম,এস,সি ডিগ্রীধারী প্রার্থীদের ক্ষেত্রে অভিজ্ঞতা শিথিলযোগ্য।
৭.	সিনিয়র সহকারী পরিচালক (হিসাব) টাঃ ১১,০০০-১৭,৬৫০/-	সর্ব নিম্ন ৩৫ বৎসর	১(এক) টি	২য় শ্রেণীর অনার্সসহ ২য় শ্রেণীর মাষ্টার্স ডিগ্রী ও সংশ্লিষ্ট ক্ষেএে ৭ বৎসরের বাস্তব অভিজ্ঞতা **অথবা** ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রী এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ১০ বৎসরের বাস্তব অভিজ্ঞতা।
৮.	সহকারী পরিচালক (কমন সার্ভিস) টাঃ ৬,৮০০-১৩,০৯০/-	সর্বোচচ ৩০ বৎসর	১(এক) টি	২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর মাষ্টার্স ডিগ্রী। সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বৎসরের অভিজ্ঞতাসহ স্নাতক।

শর্তাবলী ঃ

ক) প্রার্থীর নাম, পিতার / স্বামীর নাম, মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, নিজ জেলার নাম, জন্ম তারিখ, বয়স, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, জাতীয়তা ও ধর্ম উল্লেখপূর্বক সম্প্রতি তোলা ২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ দরখাস্ত (জীবন বৃত্তান্তসহ) সর্বশেষ আগামী ১৮/৯/২০০৬ ইং তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে পৌঁছাইতে হইবে ।

খ) দরখাস্তের সহিত অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সমর্থনে সনদপত্র,স্ব স্ব ইউনিয়ন/পৌরসভার চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনারের নিকট হইতে স্থায়ী বাসিন্দার সমর্থনে প্রত্যায়নপত্রের সত্যায়িত অনুলিপি দাখিল করিতে হইবে ।

গ) ক্রমিক নং-১,৩,৪, এবং ৬ এ উল্লেখিত বিজ্ঞানী পদ সমুহের জন্য নির্ধারিত ফরমে দরখাস্ত করিতে হইবে। কাউন্সিলের সংস্থাপন শাখা হইতে বিনা মুল্যে নির্ধারিত ফরম সংগ্রহ করা যাইবে। উক্ত পদ সমুহে নিয়োগের জন্য কাউন্সিল কর্তৃক নির্ধারিত মানদন্ড অনুসরণ করা হইবে।

ঘ) গবেষণা প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজ তত্ত্বাবধানের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হইবে।

ঙ) চাকুরীরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে এবং প্রার্থীগণের বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। তাছাড়া নিয়োগের ক্ষেত্রে সরকারী বিধি অনুসরণ করা হবে।

চ) আবেদনপত্র প্রেরণের খামের উপরের অংশে আবেদনকৃত পদের নামও নিজ জেলা অবশ্যই উল্লেখ করিতে হইবে।

ছ) প্রার্থীকে সাক্ষাৎকারের সময় সকল সনদপত্রের মুল কপি প্রদর্শন করিতে হইবে এবং নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না।

জ) নির্ধারিত তারিখ ও সময়ের পর (সরাসরি /ডাকযোগে) কোন দরখাস্ত গৃহীত হইবে না এবং অসম্পুর্ণ/ত্রুটিপুর্ণ দরখাস্ত বাতিল বলিয়া গণ্য হইবে।

ঝ) পদের সংখ্যা বাড়ানো /কমানো / নিয়োগ প্রক্রিয়া বন্ধ / বাতিল করার ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

ঞ) শুধুমাত্র প্রাথমিকভাবে বাছাইকৃত যোগ্য প্রার্থীদেরকে পরীক্ষা /সাক্ষাৎকারের জন্য ডাকা হইবে ।

(ডঃ মোঃ আব্দুস সিদ্দিক)
সদস্য-পরিচালক (প্রশাসন ও অর্থ)
বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
ফার্মগেট, তেজগাঁও, ঢাকা-১২১৫।